**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-11-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, দেশের সীমান্তবর্তী দুর্গম এলাকায় বসবাসকারী নাগরিকদের কাছে সরকারি সমস্ত সুযোগ সুবিধা পৌঁছে দিতে কেন্দ্রীয় সরকার বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে।**
**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগরতলার আর কে নগরে সৃজা হাসপাতাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন |**

**(৩) বিহারে ১৮টি জেলার ১২১টি আসনে বিধানসভা নির্বাচনের প্রথম পর্বের ভোটগ্রহণ আগামীকাল ।**

**(৪) কৃষিমন্ত্রী রতনলাল নাথ মোহনপুর মহকুমার সিমনায় তিনদিনব্যাপী ঐতিহ্যবাহী ব্রহ্মকুন্ড মেলার উদ্বোধন করেন।**
**(৫) ছত্তিশগড়ে অনুষ্ঠিত অনূর্ধ্ব ১৪ বছরের জাতীয় সাবজুনিয়র ফুটবল প্রতিযোগিতার বালক বিভাগের গ্রুপের প্রথম খেলায় ত্রিপুরা জয়লাভ করেছে ।**

****************************************

**Governor-Kanchanpur :**
রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, দেশের সীমান্তবর্তী দুর্গম এলাকায় বসবাসকারী ভারতীয় নাগরিকদের কাছে সরকারি সমস্ত সুযোগ সুবিধা পৌঁছে দিতে কেন্দ্রীয় সরকার বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে। রাজ্যপাল আজ উত্তর ত্রিপুরা জেলার বিভিন্ন সীমান্ত গ্রাম পরিদর্শনকালে একথা বলেন। এই পরিদর্শনের উদ্দেশ্য হল কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের উন্নয়নমূলক প্রকল্পগুলি যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা সে সম্পর্কে অবহিত হওয়া। রাজ্যপাল প্রথমে উত্তর ত্রিপুরা জেলার দশদা ব্লকের সীমান্তবর্তী গ্রাম ভান্ডারীমার স্থানীয় জনগণের সাথে মতবিনিময় করেন। এরপর তিনি

ভান্ডারীমা ভিলেজ কমিটির অন্তর্গত ব্রু পুনর্বাসন গ্রাম খাসনামপাড়া যান এবং সেখানে তিনি জনগণের সঙ্গে মতবিনিময় করেন। রাজ্যপাল প্রথমবারের মতো খাসনামপাড়া ব্রু বসতিতে যাওয়ায় ব্রু সম্প্রদায়ের জনগণ খুশী ব্যক্ত করেন। মতবিনিময়ের সময় রাজ্যপাল ইয়াপ্রি দল নাংমা বদল স্বসহায়ক দলকে এবং তাংসাউথ স্বসহায়ক দলকে চেক প্রদান করেন। মতবিনিময়কালে রাজ্যপাল স্থানীয় বাসিন্দাদের বিভিন্ন স্বাস্থ্য প্রকল্প এবং সামাজিক পেনশন প্রকল্পের সুবিধা গ্রহণের আহ্বান জানান। তিনি অভিভাবকদের তাদের সন্তানদের একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ে এবং নবোদয় বিদ্যালয়ে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত বিনামূল্যে শিক্ষা গ্রহণে ভর্তি করার জন্য উৎসাহিত করেন। রাজ্যপাল স্বসহায়ক দলগুলিকে তাদের উৎপাদিত পণ্যের পরিসর সম্প্রসারণ এবং স্বনির্ভর হওয়ার জন্য ব্যাঙ্ক থেকে ঋণ গ্রহণের পরামর্শ দেন। এছাড়াও স্বনির্ভর হওয়ার লক্ষ্যে প্রধানমন্ত্রী বিশ্বকর্মা প্রকল্পের মাধ্যমে দক্ষতা অর্জনের জন্য মহিলা এবং যুবকদের উৎসাহিত করেন।

#######Byte-Governor#####

*******************************

**Shija Hospital-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার আর কে নগরে সৃজা হাসপাতাল এন্ড রিসার্চ ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, মাল্টি স্পেশালিটি এই হাসপাতালটি চালু হলে রাজ্যের বেকার যুবক যুবতীদের কর্মসংস্থানের একটা বড় সুযোগ তৈরী হবে। মুখ্যমন্ত্রী আরো বলেন, রাজ্য স্বাস্থ্য পরিষেবার আরো উন্নতির লক্ষ্যে রাজ্য সরকার নিরলসভাবে প্রয়াস চালিয়ে যাচ্ছে। এরজন্য রাজ্য বাজেটেও পর্যাপ্ত পরিমান অর্থ বরাদ্দ রাখা হয়েছে।

######Byte-CM######

অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক রতন চক্রবর্তী, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরন গিত্যে, সৃজা হাসপাতালের ম্যানেজিং ডিরেক্টার ডঃ পালিন খুনডংবাম

প্রমুখ। উল্লেখ্য আর কে নগরে প্রায় ২৮ একর জমিতে ৯০০ কোটি টাকা ব্যয়ে এই হাসপাতালটি গড়ে তোলা হবে।

****************************

**Science, Technology and Environment Minister :**

বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা ছাত্র-ছাত্রীদের সমাজের নানা সমস্যা নিরসনে বিজ্ঞান ও প্রযুক্তিকে চ্যালেঞ্জ হিসেবে গ্রহণ করার আহ্বান জানিয়েছেন। আজ আগরতলার প্রজ্ঞাভবনে আয়োজিত দু'দিনব্যাপী অষ্টম স্টুডেন্ট প্রজেক্ট প্রোগ্রামের উদ্বোধন করে তিনি এই আহ্বান জানান। শ্রী দেববর্মা বলেন, রাজ্যের পোষ্ট গ্র্যাজুয়েট, আন্ডার গ্র্যাজুয়েট, ডিপ্লোমা সহ উচ্চ ও টেকনিক্যাল এডুকেশন সংস্থার ছাত্রছাত্রীদের প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে সমাজের সমস্যা সমাধানে উৎসাহিত করার লক্ষ্যেই এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদ আয়োজিত এই অনুষ্ঠানে আজ ২০টি উচ্চ ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান থেকে বাছাইকৃত ৩৬টি বিজ্ঞান মডেল প্রদর্শন করা হয়। এর মধ্যে রয়েছে ড্রোন, সোলার পাওয়ার, বায়ো ফার্টিলাইজার, মাশরুম চাষ, ওয়াটার হার্ভেস্টিং প্রভৃতি। এবছর এই অনুষ্ঠানের মূল ভাবনা হলো 'সুস্থায়ী উন্নয়নের জন্য দেশীয় প্রযুক্তি'। বক্তব্য রাখেন এমবিবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. বিভাস দেব, বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের প্রধান সচিব চৈতন্য মূর্তি, বক্তব্য রাখেন ফিসারী কলেজে ডিন - অধ্যাপক অরুণ ভাই প্যাটেল।

**************************

**VANDE MATARAM PRESS MEET :**

ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত বন্দেমাতরম সঙ্গীতের ১৫০বছর উদযাপনে সারা দেশের সঙ্গে রাজ্যেও আগামী ৭ই নভেম্বর থেকে বর্ষব্যাপী অনুষ্ঠানের সুচনা করা হবে। আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী এ সংবাদ জানান। তিনি জানান, ভারতের স্বাধীনতা সংগ্রামে বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায় রচিত বন্দেমাতরম সঙ্গীত স্বাধীনতা সংগ্রামী সহ সমস্ত দেশবাসীকে অনুপ্রানিত করেছিল। আগামী ৭ই

নভেম্বর সকাল ১০টায় আগরতলার মহাকরন প্রাঙ্গনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এই কর্মসূচীর উদ্বোধন করবেন। এই কর্মসূচীতে থাকবে ক্যুইজ, রাজ্য পুলিশের ব্যান্ডে বন্দেমাতরম ও দেশাত্ববোধক সংগীতের সুর, হর ঘর তিরঙ্গা, মশাল দৌড়, বৃক্ষ রোপন, যুব ম্যারাথন, নির্দিষ্ট ওয়েব পেজে বিভিন্ন কর্মসূচীর পোস্ট ইত্যাদি।

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**Bihar Election :**

বিহারে ১৮টি জেলার ১২১টি আসনে বিধানসভা নির্বাচনের প্রথম পর্বের ভোটগ্রহণ আগামীকাল অনুষ্ঠিত হবে। অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভোটগ্রহণ নিশ্চিত করার জন্য ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ভোটগ্রহণ সকাল ৭টায় শুরু হবে এবং সন্ধ্যা ৬টায় শেষ হবে। তবে নিরাপত্তার কারণে, ৫৬টি ভোটকেন্দ্রে বিকেল ৫টা পর্যন্ত ভোটগ্রহণ করা হবে। এই পর্বে, মোট ১,৩১৪ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন ৩কোটি ৭৫ লক্ষেরও বেশি ভোটার।

দ্বিতীয় পর্যায়ে, ২০টি জেলার ১২২টি বিধানসভা আসনে এই মাসের ১১ তারিখে ভোটগ্রহণ হবে এবং ভোট গণনা করা হবে ১৪ নভেম্বর।

***************************

**Life Certificate :**

কেন্দ্রীয় কর্মী, জনঅভিযোগ ও পেনশন প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং আজ বলেছেন যে ২৫ লক্ষেরও বেশি মানুষ তাদের ডিজিটাল life certificate বা জীবন শংসাপত্র তৈরির জন্য মুখমন্ডলের প্রমাণীকরণ বা face identification গ্রহণ করেছেন। ডঃ সিং নতুনদিল্লিতে চতুর্থ জাতীয় ডিজিটাল জীবন শংসাপত্র অভিযানের সূচনা অনুষ্ঠানে একথা বলেন। মন্ত্রী বলেন, ডিজিটাল ভারতের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ পেনশনভোগীদের ডিজিটাল ক্ষমতায়নের জন্য এই অভিযান একটি অনন্য সুযোগ। তিনি বলেন, আগে এই সার্টিফিকেট তৈরির জন্য বায়োমেট্রিক ব্যবহার করা হত, কিন্তু ৭৫ বছর বা তার বেশি বয়সী পেনশনভোগীদের ক্ষেত্রে এটি নির্ভরযোগ্য নাও হতে পারে।

#####Byte-Dr. Jitendra Singh#####

তিনি জানান যে এই অভিযানটি এই মাসের শেষ পর্যন্ত চলবে। মন্ত্রী এই অভিযানের উপর একটি পুস্তিকা এবং স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্রও প্রকাশ করেন।

***************************

**Bhrammakunda Mela :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ মোহনপুর মহকুমার সিমনায় তিনদিনব্যাপী ঐতিহ্যবাহী ব্রহ্মকুন্ড মেলার উদ্বোধন করেন। উদ্বোধকের ভাষনে তিনি বলেন, কথিত আছে এখানে ভগবান রাম এসেছিলেন। ভগবান শিব এখানে তপস্যা করেছিলেন। তিনি বলেন এখন ব্রহ্মকুণ্ডের পরিকাঠামো অনেক উন্নত হয়েছে। মন্ত্রী শ্রীনাথ মেলায় সরকারি বিভিন্ন দপ্তরের মন্ডপ পরিদর্শন করেন। তথ্য সংস্কৃতি দপ্তর, মোহনপুর মহকুমা প্রশাসন ও ব্রহ্মকুন্ড মেলা কমিটির যৌথ উদ্যোগে আয়োজিত মেলায় উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত

ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, এডিসির কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা প্রমুখ।

************************

**Guru Nanak :**

শিখ ধর্মের প্রতিষ্ঠাতা শ্রী গুরু নানক দেবের ৫৫৬তম প্রকাশ গুরুপরব বা জন্মজয়ন্তী আজ ধর্মীয় উৎসাহ-উদ্দীপনার সঙ্গে পালিত হচ্ছে।

সমগ্র পাঞ্জাব জুড়ে গুরুদ্বারগুলিতে বিপুল সংখ্যক ভক্ত শ্রদ্ধা জানাচ্ছেন। গুরুদ্বার এবং রাজ্য জুড়ে লঙ্গর পরিবেশন করা হচ্ছে এবং গুরবানি পাঠ চলছে।

গুরু নানক জয়ন্তী উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবাইকে শুভেচ্ছা জানিয়েছেন।

****************************

**CM-Bishramganj :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে জনজাতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে রাজ্য সরকার বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে। সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে আজ মুখ্যমন্ত্রী জনজাতি মহিলা তাঁতি উন্নয়ন কর্মসূচির আওতায় মহিলাদের মধ্যে সুতা বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। হস্ততাঁত হস্তকারু ও রেশম শিল্প দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে তিনি বলেন, জনজাতিদের উন্নয়নে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন। উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত প্রমুখ।

****************************

**Women Commission :**

সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে আজ মানব পাচার বিরোধী এক সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জাতীয় মহিলা কমিশনের সহায়তায় ও রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে আয়োজিত এই কর্মসূচির সূচনা করেন জাতীয় মহিলা কমিশনের সদস্যা ড. অর্চনা মজুমদার। কখন কি কৌশলে কোন মেয়ে বা মহিলা মানব পাচারকারীদের শিকার হতে পারেন, এবিষয়ে তিনি তাঁর বক্তব্যে বিস্তারিত তুলে ধরেন। তাছাড়া বিভিন্ন ক্ষেত্রে মহিলাদের সুরক্ষায় আইনের কি কি সংস্থান রয়েছে, এ বিষয়গুলিও তিনি বিস্তারিত উল্লেখ করেন। বক্তব্য রাখেন ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, সদস্য সচিব মাধব দেবনাথ, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক উপেন্দ্র জমাতিয়া, পুলিশ সুপার বিজয় দেববর্মা, সমাজ কল্যাণ দপ্তরের জেলা আধিকারিক উত্তম কুমার দাস প্রমুখ।

****************************

**National Football :**

ছত্তিশগড়ে অনুষ্ঠিত অনূর্ধ্ব ১৪ বছরের জাতীয় সাবজুনিয়র ফুটবল প্রতিযোগিতার বালক বিভাগের গ্রুপের প্রথম খেলায় ত্রিপুরা জয়লাভ করেছে। আজ রামকৃষ্ণ আশ্রম মাঠে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ২-১ গোলে চন্ডিগড়কে হারিয়ে দেয়। রাজ্যদলের পক্ষে আকাশ রিয়াং ও সায়ন দাস দুটি গোলে করে। গ্রুপের দ্বিতীয় ম্যাচে ত্রিপুরা খেলবে আন্দামান ও নিকোবরের বিরুদ্ধে।

****************************

**Weather :**

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের ফলে আগামী ২৪ ঘন্টায় রাজ্যের দক্ষিণ ও ধলাই জেলায় ভারী বৃষ্টিপাতের সতকর্তা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের

কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৩ ডিগ্রি সেলসিয়াস।

********************************